**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়
এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬।

২২ অগ্রহায়ণ ১৪২৮
০৭ ডিসেম্বর ২০২১

নং-৪১.০২.০০০০.০০৬.০০.১১৭.২০২০-১৫৫৬

**বিষয় : সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সুবর্ণ জয়ন্তী কর্ণারে তথ্য প্রকাশ।**

**সূত্র : সমাজকল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৪১.০০.০০০০.০৪৩.০১.০১৯.১৭.২০৪, তারিখ : ২৩ নভেম্বর ২০২১**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সুবর্ণ জয়ন্তী কর্ণারে তথ্য প্রকাশের **নিমিত্ত** জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক **বছরব্যাপী গৃহীত কর্মসূচী** প্রদত্ত ছক অনুযায়ী **সদয় অবগতি** ও **পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।**

সংযুক্তি : বর্ণনামতে--০৬--পাতা।

০৭/১২/২০২১

**(মোঃ আনিছুজ্জামান)**
(অতিরিক্ত সচিব)
ব্যবস্থাপনা পরিচালক
☎ ৮০৩৫০৫২
ফ্যাক্স: ৮০৩৫০৫৩, ই-মেইল: jpuf38@yahoo.com

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণপালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।
**দৃ: আ: উপসচিব (সামাজিক নিরাপত্তা শাখা)।**

## বছরব্যাপী গৃহীত কর্মসূচী :

**স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন করার লক্ষ্যে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক গৃহীত কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ :**

| ক্রমিক | গৃহীত কর্মসূচি | কর্মসূচি বাস্তবায়নের সময়কাল | | | বাস্তবায়নের অগ্রগতির বর্তমান অবস্থা | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|
| | | তারিখ | সময় (ক্যালেন্ডার অনুযায়ী) | স্থান | | |
| ১. | ১৭ মার্চ ২০২১ তারিখ জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষ্যে কেক কাটা, অলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান আয়োজন। | ১৭ মার্চ ২০২১ | **সকাল** ১০.০০টা হতে বেলা ২.০০ টা | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ক্যাম্পাস (সুবর্ণ ভবন) | বাস্তবায়িত | |
| | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের অধীন পরিচালিত জেলা ও উপজেলা পর্যায়ে অবস্থিত ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রসমূহের স্ব-স্ব অধীক্ষেত্রের প্রশাসনের সাথে সমন্বয় করে জাতীয় শিশু দিবস উদযাপন। | ১৭ মার্চ ২০২১ | স্থানীয় প্রশাসনের সিদ্ধান্ত অনুযায়ী | ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রসমূহ | বাস্তবায়িত | |
| ২. | ২৬ মার্চ ২০২১ তারিখ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন করার লক্ষ্যে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক ২৫-২৬ মার্চ ২০২১ তারিখ সন্ধ্যায় ফাউন্ডেশন ক্যাম্পাসের সুবর্ণ ভবনে আলোকসজ্জাকরণ | ২৫-২৬ মার্চ ২০২১ | **সন্ধ্যা ৬.০০টা হতে** | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ক্যাম্পাস (সুবর্ণ ভবন) | বাস্তবায়িত | |
| ৩. | ২৬ মার্চ ২০২১ তারিখ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন করার লক্ষ্যে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক আলোচনা সভা অনুষ্ঠান আয়োজন | ২৬ মার্চ ২০২১ | **সকাল ১০.০০টা হতে** বেলা ১.০০টা | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর সুবর্ণ ভবনের ১২তলায় সম্মেলন কক্ষে | বাস্তবায়িত | |
| | ২৬ মার্চ ২০২১ তারিখ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন করার লক্ষ্যে ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রসমূহ কর্তৃক আলোচনা সভা অনুষ্ঠান আয়োজন | ২৬ মার্চ ২০২১ | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং স্থানীয় প্রশাসনের সিদ্ধান্ত অনুযায়ী | ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | বাস্তবায়িত | |

| ক্রমিক | গৃহীত কর্মসূচি | কর্মসূচি বাস্তবায়নের সময়কাল | | | বাস্তবায়নের অগ্রগতির বর্তমান অবস্থা | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|
| | | তারিখ | সময় (ক্যালেন্ডার অনুযায়ী) | স্থান | | |
| ৪. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং ফাউন্ডেশনের আওতাধীন মাঠ পর্যায়ে ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে অস্বচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে বিনামূল্যে ১২০০০ (বার হাজার) টি সহায়ক উপকরণ (হুইল চেয়ার, হিয়ারিং এইড, স্মার্ট সাদাছড়ি ইত্যাদি) বিতরণ। | ১৭ মার্চ **২০২১ তারিখ হতে** ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত | অফিস চলা কালীন সময় | ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | বাস্তবায়ন এর কাজ অব্যাহত রয়েছে। | ১৭ মার্চ ২০২১ হতে নভেম্বর ২০২১ পর্যন্ত মোট ৭৩২৪টি সহায়ক উপকরণ বিতরণ করা হয়েছে। এর মধ্যে ১৫ অক্টোবর ২০২১ তারিখে বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস উদযাপন অনুষ্ঠানে জেলা ও উপজেলা পর্যায়সহ মোট ১৩২৪টি স্মার্ট হোয়াইট ক্যান বিতরণ করা হয়েছে। করোনা মহামারীর কারণে অন্যান্য সহায়ক উপকরণ সররাহ পাওয়া যায়নি। আশা করা যায় জানুয়ারী-ফেব্রুয়ারি-২০২২ এর মধ্যে সরবরাহ পাওয়া গেলে সকল সহায়ক উপকরণ বিনামূল্যে বিতরণ করা সম্ভব হবে। |
| ৫. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষে ৪০টি মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলের প্রতিবন্ধী ব্যক্তিদের দোরগোড়ায় বিনামূল্যে থেরাপি সেবা প্রদান করা। | ১৭-২৬ মার্চ **২০২১ তারিখ হতে চলমান থাকবে।** | ঐ | ঐ | ঐ | |
| ৬. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষে ব্যক্তি পর্যায়ে ২০০ জন অস্বচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিকে চিকিৎসা/শিক্ষা/কর্মসংস্থানের জন্য ১০,০০০/- টাকা করে ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা আর্থিক সাহায্য প্রদান করা হবে। | ১৭ মার্চ **২০২১ তারিখ হতে** ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত | ঐ | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন | বাস্তবায়ন এর কাজ অব্যাহত রয়েছে। | ইতোমধ্যে প্রায় ১০ লক্ষ টাকা ব্যক্তিগত আর্থিক সাহায্য হিসেবে অনুদান প্রদান করা হয়েছে। |
| ৭. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষে প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে কর্মরত বেসরকারী সংস্থার অনুকূলে প্রায় ১ কোটি ৪০ লক্ষ টাকা অনুদান প্রদান | ২৬ মার্চ **২০২১ তারিখ হতে ৩০ জুন** ২০২১ তারিখ পর্যন্ত | - | ঐ | বাস্তবায়িত | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষে প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে কর্মরত ২৬৯টি বেসরকারী সংস্থার অনুকূলে প্রায় ১ কোটি ৫২ লক্ষ ৭৫ হাজার টাকা অনুদান প্রদান করা |

| ক্রমিক | গৃহীত কর্মসূচি | কর্মসূচি বাস্তবায়নের সময়কাল | | | বাস্তবায়নের অগ্রগতির বর্তমান অবস্থা | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|
| | | তারিখ | সময় (ক্যালেন্ডার অনুযায়ী) | স্থান | | |
| | । | | | | | হয়েছে। |
| ৮. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে সম্ভাব্য কর্মসূচি গ্রহণ করা। | সম্ভাব্য কর্মসূচি অনুযায়ী | সম্ভাব্য কর্মসূচি অনুযায়ী | ঐ | ঐ | |
| ৯. | ৭৪টি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয় এর প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের মাঝে রচনা এবং চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন। | ১৭ মার্চ **২০২১,** ২৬ মার্চ **২০২১,** ১৬ ডিসেম্বর ২০২১ | ঐ | **জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন** ৭৪টি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয় | বাস্তবায়িত | ৭৪টি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয় এর প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের মাঝে রচনা এবং চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়। ৩টি ক্যাটাগরীতে ক, খ এবং গ গ্রুপ করে ১ম, ২য় ও ৩য় স্থাপন নির্ধারণ করা হয়। ৩টি ক্যাটাগরিতে ক, খ এবং গ গ্রুপ এর ১ম, ২য় ও ৩য় স্থাপন অর্জনকারী মোট ১৮ প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীকে পুরস্কার হিসেবে মোট ৬০,০০০/-(ষাট হাজার) টাকা প্রদান করা হয়। উল্লেখ্য,<br>১ম পুরস্কার হিসেবে-৫,০০০/-<br>২য় পুরস্কার হিসেবে-৩০০০/- এবং<br>৩য় পুরস্কার হিসেবে ২০০০/- প্রদান করা হয়। |
| ১০. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ওয়েব সাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন করা। | ১৭ মার্চ **২০২১ তারিখ হতে** ১৬ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে | - | **জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর ওয়েবসাইট** | বাস্তবায়িত | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ওয়েব সাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন করা হয়েছে। |